

ত্রী আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮:১০৩

আরবি মূল আয়াত:

قُل هَل نُنَبِّئُكُم بِالأَحْسَرِينَ أَعمَالًا ﴿١٠٣﴾؟

🗚 অনুবাদসমূহ:

বল, 'আমি কি তোমাদেরকে এমন লোকদের কথা জানাব, যারা আমলের দিক থেকে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত'? — আল-বায়ান

বল, 'আমি তোমাদেরকে কি সংবাদ দেব নিজেদের 'আমালের ক্ষেত্রে কারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত?' — তাইসিরুল বলঃ আমি কি তোমাদেরকে সংবাদ দিব কর্মে বিশেষ ক্ষতিগ্রস্তদের ব্যাপারে? — মজিবর রহমান

Say, [O Muhammad], "Shall we [believers] inform you of the greatest losers as to [their] deeds? — Sahih International

১০৩. বলুন, আমরা কি তোমাদেরকে এমন লোকদের কথা জনাব, যারা আমলের দিক থেকে সবচেয়ে বেশী ক্ষতিগ্রন্ত?(১)

(১) এখানে প্রথম দুই আয়াত এমন ব্যক্তি ও দলকে অন্তর্ভুক্ত করেছে, যারা কোন কোন বিষয়কে সৎ মনে করে তাতে পরিশ্রম করে। কিন্তু আল্লাহর কাছে তাদের সে পরিশ্রম বৃথা এবং সে কর্মও নিক্ষল। কুরতুবী বলেনঃ এ অবস্থা দুটি কারণে সৃষ্টি হয়। (এক) ভ্রান্তবিশ্বাস এবং (দুই) লোক দেখানো মনোবৃত্তি। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১০৩) তুমি বল, 'আমি কি তোমাদেরকে সংবাদ দেব তাদের যারা কর্মে সর্বাধিক ক্ষতিগ্রস্ত?'

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2243

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন